

শিশু শ্রমিকদের জন্য স্কুল হবে : প্রেসিডেন্টের নির্দেশ

প্রেসিডেন্ট এই এম এনএসআর শিক্ষা মন্ত্রণালয়কে শিশু শ্রমিকদের জন্য তাদের কর্মস্থলের কাছাকাছি সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার নির্দেশ দিয়েছেন।

বাসসর ববরে প্রকাশিত প্রেসিডেন্ট বৃন্দাবন রাজধানী পররাষ্ট্র অঞ্চল নারিন্দা-খোলাইখাল ক্ষেত্র শিল্প এলাকা পরিদর্শনকালে এই নির্দেশ দেন।

তিনি এ বিষয়ে একটি স্ক্রীম (শেষ পঃ ৪-এর কঃ দঃ)

শিশু শ্রমিকদের জন্য স্কুল হবে :

(১ম পৃঃ পর)

প্রণয়ন এবং শিশু শ্রমিকদের সংখ্যা নিরূপনে অরিপ পরিচালনার জন্যও শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

প্রেসিডেন্টের এই পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান তাঁর সঙ্গে ছিলেন। প্রেসিডেন্টকে তিনি জানান তাঁর মন্ত্রণালয় নারিন্দা-খোলাইখাল এলাকায় ক্ষেত্র কারখানায় নিয়োজিত শিশু শ্রমিকদের প্রাথমিক শিক্ষা প্রদানের জন্য দুটি সরকারী প্রাথমিক স্কুল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে। দেশের অন্যান্য এলাকায়ও পর্যায়ক্রমে এ ধরনের প্রাথমিক স্কুল খোলা হবে বলে তিনি জানান।

এসব স্কুলের ব্যবস্থাপনার জন্য একটি বিশেষ প্রতিষ্ঠান থাকবে। কর্মরত শিশু-কিশোররা সকল কর্মদিবসে সকাল ৮টা থেকে সকাল ১০টা পর্যন্ত শ্রম করবে। তারা এখনকার সকাল ৮টার পরিবর্তে সকাল ১০টার তাদের কাজে

যোগ দেবে।

প্রেসিডেন্ট শিশু শ্রমিক নিয়োগকারী শিল্পপ্রতিষ্ঠান মালিকদেরকে শিশু শ্রমিকদের মজুরি বাড়ানোর আহ্বান জানান এবং বলেন, মজুরির বর্ধিত অংশ ব্যাংকে তাদের সমুদয় হিসেবে জমা রাখতে হবে। এইভাবে যে অর্থ সঞ্চিত হবে প্রাথমিক শিক্ষাসম্পন্ন করার পর তা সংশ্লিষ্ট শিশু-শ্রমিকের হাতে দেয়া হবে যাতে করে নিজের পক্ষে দাঁড়ানোর জন্যে এই অর্থের ব্যবহার করতে পারে।

শিল্পপ্রতিষ্ঠান মালিকরা সঙ্গে সঙ্গে প্রেসিডেন্টের এই প্রস্তাবে সাদা দেন এবং শিশু শ্রমিকদের মজুরি বাড়াতে সম্মত হন।

কিচি বয়স থেকেই এই শিশু-শ্রমিকরা অধিক ফোটা ফুলের মত বিকশিত হয়। তার পরই জীবিকার উপার্জনে কঠোর কায়িক শ্রমে নিয়োজিত হতে বাধ্য হয় তারা।